

## নিয়মাবলি

১. সিলেট জেলা শিল্পকলা একাডেমি প্রশিক্ষণকেন্দ্রে সংগীত, নৃত্য, তালযন্ত্র ও নাটক বিষয়ে ৪ বছর এবং চারুকলা ৩ বছর, আবৃত্তি বিষয়ে ২ বছর এবং সংগীত, নৃত্য ও চারুকলা শিশু বিভাগে ২ বছর মেয়াদী প্রশিক্ষণকোর্সে নির্ধারিত পাঠক্রম অনুযায়ী প্রশিক্ষণ দেওয়া হয়।
২. জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত শিক্ষাবর্ষ ধরা হয়। প্রতি শিক্ষাবর্ষে নির্ধারিত সাপ্তাহিক রুটিন অনুযায়ী প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীদের নিয়মিত ক্লাসে অংশগ্রহণ করতে হবে।
৩. সকল বিভাগে বছর শেষে বার্ষিক পরীক্ষা ও কোর্স সম্পন্ন হওয়ার পর সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৪. প্রশিক্ষণার্থীদের কমপক্ষে ৬০% ক্লাসে উপস্থিত থাকতে হবে। উপস্থিতির হার এর কম হলে বার্ষিক বা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
৫. বার্ষিক বা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হলে প্রতি বিষয়ে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে। সমাপনী পরীক্ষায় উত্তীর্ণদের সরকারিভাবে সনদপত্র দেওয়া হবে।
৬. কোনো প্রশিক্ষণার্থী একাধারে ৩ মাস ক্লাসে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল করা হবে। পুনঃভর্তি ফি ১০০.০০ টাকা ও জরিমানা ৫০.০০ টাকা পরিশোধসহ আবেদনের পরিপ্রেক্ষিতে পুনঃভর্তি করা যেতে পারে।
৭. তালযন্ত্র বিভাগের প্রশিক্ষণার্থীরা ক্লাসে ব্যবহারের জন্য নিজস্ব তবলা এবং চারুকলা বিভাগের প্রশিক্ষণার্থীরা প্রয়োজনীয় প্রশিক্ষণসামগ্রী সঙ্গে আনতে হবে।
৮. প্রতি বিষয়ের জন্য ভর্তি ফরমের মূল্য ৪০.০০ টাকা, ভর্তি ফি ২০০.০০ টাকা, মাসিক ফি ১০০.০০ টাকা এবং পরীক্ষা ফি ১০০.০০ টাকা। চারুকলা বিভাগের প্রশিক্ষণার্থীরা কার্টিজ পেপার বাবদ অতিরিক্ত ১৫০.০০ টাকা ফি প্রদান করবে। ভর্তির সময় এক বছরের ফি-সহ নির্ধারিত অন্যান্য ফি প্রদান করতে হবে। পরবর্তীতে প্রতি বছরের জানুয়ারি মাসে ভর্তি ফি ব্যতীত অন্যান্য বার্ষিক ফি একসাথে প্রদান করতে হবে। আবেদনের প্রেক্ষিতে আর্থিকভাবে অসচ্ছল কিংবা মেধাবী শিক্ষার্থীদের বেতন মওকুফ করানো যেতে পারে।
৯. চারুকলা প্রশিক্ষণার্থীদের বার্ষিক চিত্রপ্রদর্শনীর জন্য ১০০.০০ টাকা ফি প্রদান করতে হবে।
১০. সকল প্রশিক্ষণার্থী জেলা শিল্পকলা একাডেমি, সিলেট কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।
১১. প্রশিক্ষণরত অবস্থায় কোনো প্রশিক্ষণার্থী বাইরের কোনো অনুষ্ঠানে অংশগ্রহণ করতে চাইলে অভিভাবকের মাধ্যমে জেলা শিল্পকলা একাডেমি কর্তৃপক্ষের লিখিত অনুমতি নিতে হবে।
১২. প্রশিক্ষণকেন্দ্রের নিয়মশৃঙ্খলা প্রত্যেক প্রশিক্ষণার্থী মেনে চলতে বাধ্য থাকবে। অশোভন আচরণ ও নিয়মশৃঙ্খলাবহির্ভূত কাজের জন্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণকেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন।
১৩. প্রত্যেক প্রশিক্ষণার্থী বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্রের নিয়মাবলি এবং প্রয়োজনবোধে পরবর্তীকালে প্রণীত নিয়ম-কানুন মেনে চলতে বাধ্য থাকবে।